দৈনিক বাংলা

তারিখ 23 JUN 1995
পৃষ্ঠা ১ কলাম ৭

### পুলিশ বিডিআর-এর পাঁচ ঘন্টা অভিযান

# রাজশাহী ভার্সিটি হলে তল্লাশি ঃ জামায়াত নেতাসহ গ্রেফতার ৩৬

**স্টাফ রিপোর্টার ঃ** রাজশাহী, ২২ জুন।-রাজশাহী বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে বিস্ফারণোন্মুখ পরিস্থিতির মুখে বুধবার গভীর রাতে পুলিশ ও বিডিআর প্রায় পাঁচ ঘন্টাব্যাপী এক যৌথ সাঁড়াশি অভিযান চালিয়ে জামায়াতে ইসলামী রাজশাহী মহানগরী শাখার সেক্রেটারী মোঃ তাসনীম আলমসহ ৩৬ জন শিবির কর্মীকে গ্রেফতার করেছে।

গত ৩০ মে বিশ্ববিদ্যালয় খোলার পর থেকে ক্যাম্পাসে চরম উত্তেজনা বিরাজ করছিল। ছাত্র সংগঠনগুলোর মধ্যে বিবৃতি পাল্টা বিবৃতি এবং ক্যাম্পাসের আশপাশের এলাকায় মিছিল-মিটিং সমাবেশ অব্যাহত ছিল। হলগুলোতে একটি ছাত্রসংগঠনের কর্মীরা ছাত্রদলসহ অন্যান্য ছাত্র সংগঠনগুলোর কর্মী ও সমর্থকদের হুমকি দেয়ায় অনেক ছাত্র হলে উঠতে পারছিল না। এর ফলে ক্যাম্পাসে অস্বাভাবিক পরিস্থিতি বিরাজ করছিল বলে স্থানীয় পুলিশ প্রশাসন জানায়।

রাজশাহী মেট্রোপলিটন পুলিশ কমিশ-

(৮-এর পৃঃ ৮-এর কঃ দ্রঃ)

## রাজশাহী ভার্সিটি হলে

(প্রথম পৃষ্ঠার পর)

নার মোদাব্বির হোসেন চৌধুরী ও বিডিআর-এর সেক্টর কমান্ডার কর্নেল শেখ আবদুর রহমান-এর নেতৃত্বে বুধবার রাত প্রায় সোয়া একটায় প্রায় ৫০টি ট্রাক ও বাসে পুলিশ বিডিআর একত্রে বিশ্ববিদ্যালয়ের ছাত্রদের ১০টি আবাসিক হলসহ পার্শ্ববর্তী এলাকাগুলো ঘিরে ফেলে তল্লাশি অভিযান শুরু করে।

কিছু চিহ্নিত শিক্ষকের বাড়িসহ বিশ্ববিদ্যালয় সংলগ্ন বিনোদপুর, বুধপাড়া, মেহেরচন্ডী, খরখরি ও মির্জাপুরসহ বেশ কিছু এলাকায় এ অভিযান চালানো হয় বলে পুলিশ সূত্র জানায়।

পুলিশ আরও জানায়, ক্যাম্পাসের বিভিন্ন হল ও আশপাশের এলাকাগুলো থেকে মোট ৩৬ জনকে গ্রেফতার করা হয়। এদের কয়েকজনের বিরুদ্ধে সুনির্দিষ্ট মামলা ও বাকিদের সন্দেহজনক গতিবিধি এবং বহিরাগত হয়ে হলে অবস্থান করায় তাদের গ্রেফতার করা হয়। জামায়াত মহানগর সেক্রেটারী ও রাজশাহী বিশ্ববিদ্যালয়ের সিন্ডিকেট সদস্য তাসনীম আলমকে জনৈক শিক্ষকের বাড়ি থেকে গ্রেফতার করা হয় বলে পুলিশ জানায়। তাসনীম আলমসহ ২১ জনকে বৃহস্পতিবার কোর্টে চালান দেয়া হয় এবং বাকি ১৫ জনকে নিজ নিজ অভিভাবকদের জিম্মায় থানা থেকে জামিন দেয়া হয়েছে।

এদিকে ছাত্রশিবির তাদের নেতা-কর্মীদের গ্রেফতারের প্রতিবাদ ও মুক্তির দাবীতে আজ বিকালে নগরীতে একটি বিক্ষোভ মিছিল ও সাহেববাজারে সমাবেশ করেছে। সমাবেশে জামায়াত মহানগর আমীর মোঃ আতাউর রহমান, ছাত্রশিবিরের কেন্দ্রীয় সভাপতি মোঃ রফিকুল ইসলাম খান, গোলাম মর্তুজা প্রমুখ বক্তৃতা করেন। ছাত্রশিবিরের কর্মীদের গ্রেফতারের প্রতিবাদ ও তাদের মুক্তির দাবীতে সমাবেশ থেকে আগামী শনিবার বিশ্ববিদ্যালয়সহ মহানগরীতে অর্ধদিবস হরতালের ডাক দেয়া হয়।

অন্যদিকে ক্যাম্পাসের সার্বিক পরিস্থিতি নিয়ে আজ সকাল সাড়ে এগারোটা থেকে এ রিপোর্ট লেখা পর্যন্ত বিশ্ববিদ্যালয় সিন্ডিকেটের জরুরী সভা চলছিল। শিবির কর্মীরা সভাস্থানের সামনে অবস্থান ধর্মঘট করে সভাস্থল ঘিরে রাখে বলে পুলিশ জানায়। ক্যাম্পাস ও নগরীতে উত্তেজনা বিরাজ করছে। বেশ কিছুসংখ্যক ছাত্র ইতিমধ্যেই হলত্যাগ করেছে।